

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪০৪

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ এ বিষয়ে আরেকটি পরিচ্ছেদ

باب مِنْهُ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ يُونُسَ الْكُوفِيُّ، حَدَّثَنَا الْمُحَارِبِيُّ، عَنْ لَيْثٍ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَنَامُ حَتَّى يَقْرَأَ بِتَنْزِيلِ السَّجْدَةِ وَيَتَبَارَكَ. قَالَ أَبُو عَيْسَى هَكَذَا رَوَى سُفْيَانٌ وَغَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ لَيْثٍ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَهُ. وَرَوَى زُهَيْرٌ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي الزُّبَيْرِ قَالَ لَهُ سَمِعْتَهُ مِنْ جَابِرٍ قَالَ لَمْ أَسْمَعْهُ مِنْ جَابِرٍ إِنَّمَا سَمِعْتُهُ مِنْ صَفْوَانَ أَوْ ابْنِ صَفْوَانَ. وَرَوَى شَبَابَةُ عَنْ مُغِيرَةَ بْنِ مُسْلِمٍ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ نَحْوَ حَدِيثِ لَيْثٍ.

বাংলা

৩৪০৪. হিশাম ইবন ইউনুস আল-কুফী (রহঃ) জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তানযিল আস-সাজাদা ও তাবারাক সূরাদ্বয় পাঠ না করে ঘুমাতে না।

সহীহ, মিশকাত ২১৫৫, সহীহ হাদিস সিরিজ ৫৮৫, রাওয়ান নাযীর ২২৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪০৪ [আল মাদানী প্রকাশনী]

ছাওরি প্রমুখ (রহঃ) এ হাদিসটি লায়স আবু যুবায়র-জাবির রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

যুহায়র (রহঃ) আবুয যুবায়র (রহঃ) থেকে এ হাদীসটি বর্ণনা করেছেন। আমি আবুয যুবায়র (রহঃ)-কে জিজ্ঞাসা করেছিলাম আপনি কি সরাসরি জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীসটি শুনেছেন? তিনি বললেন আমি সরাসরি জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে এটি শুনি নাই। আমি সাফওয়ান কিংবা ইবনুস সাফওয়ান (রহঃ) থেকে শুনেছি।

শাবাবা (রহঃ) এটিকে মুগীরা ইবন মুসলিম-আবুয যুবায়র-জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে লায়ছ (রহঃ) এর

অনুরূপ বর্ণনা করেছেন।

English

Jabir said:
“The Prophet would not sleep until he reached Tanzil as-Sajdah and Tabarak.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38795>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন